

ভারত বাংলাদেশের প্রকৃত বন্ধু -নৌপরিবহন প্রতিমন্ত্রী

ঢাকা, ২৩ জানুয়ারি ২০২৪;

নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী এম.পি'র সাথে তাঁর অফিস কক্ষে বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মা (pranay verma) আজ সাক্ষাত করেন।

সাক্ষাতকালে তারা পারম্পরিক স্বার্থ সংশ্লিষ্ট দ্বিপাক্ষিক বিষয়াদি নিয়ে আলোচনা করেন।

এসময় মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মো: মোস্তফা কামাল উপস্থিত ছিলেন।

ভারতের হাইকমিশনার প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বাধীন নতুন সরকারকে শুভেচ্ছা জানান।

প্রতিমন্ত্রী বলেন, তারা সমুদ্র, নদী ও পোর্ট সম্পর্কে আলোচনা করেন। তিনি বলেন, ভারত বাংলাদেশের প্রকৃত বন্ধু। ভারতের সাথে সম্পর্ক সেই মুক্তিযুদ্ধের সময় থেকে রক্ত দিয়ে লেখা। তারা আমাদের সকল ডেভেলপমেন্টের সঙ্গে থাকতে চায়। উন্নয়নের লক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয় এবং সরকার যে সকল পদক্ষেপ নিবে তার সাথে তারা থাকবে। দু'দেশের মধ্যে কানেক্টিভিটি আরো এগিয়ে নিতে কাজ করবে। মাতারবাড়ী গভীর সমুদ্র বন্দর ও পায়রা বন্দর হচ্ছে। পায়রা বন্দরকে ঘিরে যে অর্থনৈতিক অঞ্চল গড়ে উঠছে সেখানে ভারতের বিভিন্ন ব্যবসায়ীদের ইনভেস্টমেন্টের আগ্রহ আছে। দু'দেশের মধ্যে নৌপরিবহন শুরু হয়েছে। অন-এরাইভভল ভিসা নিয়ে কিছুটা সমস্যা আছে। এটি আরো সহজ করার জন্য কাজ করছে। বঙ্গবন্ধুর কূটনৈতিক নীতি "কারো সঙ্গে বৈরিতা নয়, সকলের সাথে বন্ধুত্বপূর্ণ।" সেই নীতি অনুযায়ী প্রধানমন্ত্রী শেখ হাসিনা এগিয়ে চলছেন। প্রতিমন্ত্রী বলেন, নির্বাচন নিয়ে যারা শঙ্কা ও সন্দেহান ছিল- তাদের ভুল ভেঙ্গে গেছে। তারা এখন নতুন সরকারকে সহযোগিতার জন্য এগিয়ে আসছে।

স্বাক্ষরিত/-

মো. জাহাঙ্গীর আলম খান

সিনিয়র তথ্য অফিসার

নৌপরিবহন মন্ত্রণালয়

০১৭১১-৪২৫৩৬৪